# প্রবাস বন্ধু

## বহুনির্বাচনি প্রশ্নের উত্তর

**১। 'তন্বী' শব্দের অর্থ কী?**
(ক) বড় দেহ (খ) ক্ষীণ দেহ (গ) তিরস্কার (ঘ) পুনরায়

**২। আবদুর রহমানকে লেখক নরদানব বলেছেন কেন?**
(ক) আচরণের জন্য (খ) শারীরিক গঠনের জন্য
(গ) বেশি রান্নার জন্য (ঘ) বেশি খাওয়ার জন্য

নিচের উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:

শীতের ছুটিতে জেরিন সিলেটের জাফলং বেড়াতে যায়। সেখানের প্রাকৃতিক সৌন্দর্য, পাহাড়ি ঝরনা, নদী সবকিছু তাকে গভীলভাবে আকর্ষণ করে। সার্বিক সৌন্দর্যে মুগ্ধ হয়ে বাবাকে বলে, 'এখানে আমাদের একটা বাড়ি বানিয়ে দেবে'?

**৩। উদ্দীপকের জেরিনের সাথে গল্পের লেখকের চাওয়া একসূত্রে বাঁধা নয়, কারণ লেখক পানশির যেতে চেয়েছিলেন-**
(ক) অবকাশ যাপনের জন্য (খ) বিনোদনের জন্য
(গ) জীবন বাঁচাতে (ঘ) সৌন্দর্য উপভোগের জন্য

**৪। উদ্দীপকের জাফলং এর সাথে 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির পানশিরের বিপরীত চিত্র খুঁজে পাওয়া যায়-**
(i) প্রাকৃতিক-সৌন্দর্যে (ii) ঋতু-বৈচিত্র্যে
(iii) জীবন-যাত্রায়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

**৫। সৈয়দ মুজতবা আলী কত খ্রিষ্টাব্দে জন্ম গ্রহণ করেন?**
(ক) ১৯০৩ (খ) ১৯০৪ (গ) ১৯০৯ (ঘ) ১৯১৩

**৬। করিমগঞ্জ কোথায়?**
(ক) ঢাকায় (খ) আসামে
(গ) আফগানিস্থানে (ঘ) কলকতায়

**৭। সৈয়দ মুজতবা আলীর পৈতৃক নিবাস কোথায়?**
(ক) আসামের করিমগঞ্জে (খ) কলকাতার বেলাহাটি
(গ) বাংদেশের শিবপুর (ঘ) বাংলাদেশের মৌলভীবাজার

**৮। সৈয়দ মুজতবা আলী কাবুলের কোন কলেজে অধ্যাপনা করেন?**
(ক) কৃষি বিজ্ঞান (খ) ভূমি বিজ্ঞান (গ) রেশম বিজ্ঞান (ঘ) ভাষা বিজ্ঞান

**৯। সৈয়দ মুজতাব আলী পাকিস্তান সরকারের বিরুদ্ধে প্রবন্ধ লিখলে তাঁকে কী** করতে হয়?
(ক) জেলে যেতে হয় (খ) পালিয়ে যেতে হয়
(গ) চাকরি ছাড়তে হয় (ঘ) আন্দোলন করতে হয়

**১০। নিচের কোনটি সৈয়দ মুজতবা আলী রচিত?**
(ক) মাধবিলতা (খ) শেষের কবিতা
(গ) চাচা কাহিনী (ঘ) নূর ইসলাম

**১১। পঞ্চতন্ত্র কার রচনা?**
(ক) সৈয়দ মুজতবা আলী (খ) রবীন্দ্রনাথ ঠাকুর
(গ) প্রমথ চৌধুরী (ঘ) কাজী মোতহার হোসেন

**১২। সৈয়দ মুজতবা আলী কোথায় মারা যান?**
(ক) কলকাতায় (খ) আসামে (গ) আসানসোলে (ঘ) ঢাকায়

**১৩। সৈয়দ মুজতবা আলী সালে মৃত্যু বরণ করেন?**
(ক) ১৯৭৪ (খ) ১৯৭৬ (গ) ১৯৯৯ (ঘ) ২০০১

**১৪। কাবুল থেকে আড়াই মাইল দূরের গ্রামের নাম কী?**
(ক) খাজামোল্লা (খ) পানশির (গ) হরফনমোল্লা (ঘ) ওরভেয়া

**১৫। জিরার কে?**
(ক) লেখক (খ) ব্যবসায়ী (গ) মন্ত্রী (ঘ) অধ্যক্ষ

**১৬। 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনিতে ফরাসি জাতের লোক কে?**
(ক) আবদুর রহমান (খ) অধ্যক্ষ জিরার
(গ) লেখকের চাকর (ঘ) কাবুলের মন্ত্রী

**১৭। কে কায়দা মাফিক আবদুর রহমানকে আলাপ করিয়ে দেয়?**
(ক) মুজতবা আলী
(খ) হরফুন মৌলা
(গ) জিরার সাহেব
(ঘ) খাজামোল্লা

**১৮। আবদুর রহমান কার চাকর**
(ক) লেখকের
(খ) অধ্যক্ষ কিরারের
(গ) আমীর আলীর
(ঘ) মন্ত্রী সাহেবের

**১৯। সবকাজ করে দেবে-কে?**
(ক) অধ্যক্ষ জিরার
(খ) মাননীয় মন্ত্রী
(গ) আবদুর রহমান
(ঘ) আমীর আলী

**২০। 'জুতো বুরুশ থেকে খুনখারাবি' বলতে কী বোঝানো হয়েছে?**
(ক) জুতা পলিশ ও খুন করা
(খ) ছোট থেকে বড় সব কাজ
(গ) ঝগড়া বিবাদ

(ঘ) রান্না ও যত্ন করা

**২১। ‘হরফন-মৌলা’ কাকে বলে?**

(ক) সকল কাজ করতে পারে যে

(খ) রান্না করতে পারে যে

(গ) মারামারি করতে পারে যে

(ঘ) সব সময় ঝগড়া করে যে

**২২। বিকেলে দেখা হবে বলে কে চলে গেলেন?**

(ক) আবদুর রহমান

(খ) অধ্যক্ষ জিরার

(গ) মুজতবা আলী

(ঘ) আমীর আলী

**২৩। কাবুল শহরে লেখক কয়টি নরদানব দেখেছেন?**

(ক) দুই

(খ) তিন

(গ) চার

(ঘ) পাঁচ

**২৪। লেখকের দেখা দুটি নরদানবের একজন কে?**

(ক) জিরার

(খ) লেখকের গৃহভৃত্য

(গ) লেখকের বন্ধু

(ঘ) লেখকের বাড়িওয়ালা

**২৫।‘প্রবাস বন্ধু’ ভ্রমণকাহিনিতে নরদানবের সঙ্গে সাদৃশ্য রয়েছে কার?**

(ক) জিরারের

(খ) আবদুর রহমানের

(গ) মুজতবা আলীর

(ঘ) খাজামোল্লার

**২৬। আবদুর রহমান উচ্চতায় কত ফুট?**

(ক) চার ফুট

(খ) পাঁচ ফুট

(গ) ছয় ফুট

(ঘ) সাত ফুট

**২৭। দুই কাঁদি মর্তমান কলার সঙ্গে সাদৃশ্য রয়েছে কিসের?**

(ক) আবদুর রহমানের হাতের

(খ) আবদুর রহমানের হাতের অঙ্গুল

(গ) আবদুর রহমানের কান

(ঘ) আবদুর রহমানে পায়ের অঙ্গুল

**২৮। আবদুর রহমানের পায়ের সাইজ কিসের মতো?**

(ক) গাড়ির মতো

(খ) ডিঙ্গি নৌকার মতো

(গ) রিলিফ ম্যাপের মতো

(ঘ) পান্তুয়ার মতো

**২৯। ‘আমীর অঅবদুর রহমান’ বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন?**

(ক) বাদশা আবদুর রহমান

(খ) প্রভু আবদুর রহমান

(গ) রাগী আবদুর রহমান

(ঘ) কাজের লোক আবদুর রহমান

**৩০। আবদুর রহমান আমির আবদুর রহমান হলে কোন দেশের ভার বহন করতেন?**

(ক) আরবের

(খ) বাংলাদেশের

(গ) আফগানিস্তানের

(ঘ) লন্ডনের

**৩১। আবদুর রহমানের রং কেমন?**

(ক) কালো

(খ) ফরসা

(গ) বাদামি

(ঘ) সাধারণ

**৩২। ‘প্রবাস বন্ধু’ ভ্রমণকাহিনিতে কোন কোন ঋতুর কথা প্রকাশ পেয়েছে?**

(ক) গ্রীষ্ম-বর্ষা

(খ) বর্ষা-হেমন্ত

(গ) শীত-গ্রীষ্ম

(ঘ) শীত-বসন্ত

**৩৩। আফগানিস্তানের রিলিফ ম্যাপের চেহারার সঙ্গে সাদৃশ্য রয়েছে কার চেহারার?**

(ক) অধ্যক্ষ জিরার

(খ) আমীর রহমানের

(গ) মুজতবা আলীর

(ঘ) আবদুর রহমানের

**৩৪। রুজ কী?**

(ক) গাল রাঙানোর প্রসাধনী

(খ) চোখে মাখার প্রসাধনী

(গ) গায়ে মাখার প্রসাধনী

(ঘ) ঠোঁট রাঙানোর প্রসাধনী

**৩৪। প্রথম দিন থেকে আবদুর রহমান কী করেছিল?**

(ক) ঝগড়া করেছিল

(খ) নিচের দিকে তাকিয়েছিল

(গ) পাহাড়ে রোজ বেড়াতে নিয়ে যেত

(ঘ) অলসভাবে বসে থাকতে

**৩৫। প্রথম দিন থেকে আবদুর রহমান কী করেছিল?**

(ক) ঝগড়া করেছিল

(খ) নিচের দিকে তাকিয়েছিল

(গ) পাহাড়ে রোজ বেড়াতে নিয়ে যেত

(ঘ) অলসভাবে বসে থাকত

**৩৬। 'গুরুজনদের দিকে তাকাতে নেই' এটি যে ব্যক্তি মানবে তার মধ্যে কী রয়েছে?**

(ক) কুসংস্কার

(খ) ভয়

(গ) আশঙ্কা

(ঘ) সংস্কার

**৩৭। পান্তুয়া কিসের সঙ্গে তুলনীয়**

(ক) আবদুর রহমানের চোখ

(খ) আবদুর রহমানের মাথা

(গ) আবদুর রহমানের আঙুল

(ঘ) আবদুর রহমানের বুক

**৩৮। আবদুর রহমান কার মতো রান্না করবে বলে লেখকের মনে হয়?**

(ক) ভীম সেন

(খ) লক্ষণ সেন

(গ) বল্লাল সেন

(ঘ) অমল সেন

**৩৯। লোকটা ভীমসেনের মত রান্না তো করবেই-লোকটা কে?**

(ক) অধ্যক্ষ জিরার

(খ) আবদুর রহমান

(গ) মুনির রহমান

(ঘ) খাজা মোল্লা

**৪০। আবদুর রহমান আগে কোথায় ছিল?**

(ক) জাহাজে

(খ) জেলে

(গ) পল্টন

(ঘ) কাবুলে

**৪১। পল্টন আবদুর রহমান কিসের চার্জে ছিল?**

(ক) বাড়ির

(খ) বিদ্যালয়ের

(গ) অফিসের

(ঘ) মেসের

**৪২। কত দিন হলো আবদুর রহমান খালাস পেয়েছে?**

(ক) এক মাস

(খ) দুই মাস

(গ) তিন মাস

(ঘ) চার মাস

**৪৩। রাইফেল চালাতে পার-উক্তিটি কার?**

(ক) অধ্যক্ষ জিরারের

(খ) আবদুর রহমানের

(গ) লেখকের

(ঘ) কাবুলের মন্ত্রীর

**৪৪। ফালুদা বানাতে কী লাগে?**

(ক) কাঁচা লঙ্কা

(খ) জিরা

(গ) চাল

(ঘ) বরফ

**৪৫। কোন পাহাড় থেকে বরফ আনা হয়?**

(ক) কাবুল পাহাড়

(খ) খাইবার পাহাড়

(গ) পাগমানের পাহাড়

(ঘ) দার্জিলিংয়ের পাহাড়

**৪৬। কখন বড় বড় গর্তে বরফ ভর্তি করে রাখা হয়?**

(ক) গ্রীষ্মকালে

(খ) শীতকালে

(গ) বসন্তকালে

(ঘ) শরৎকালে

**৪৭। 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনিতে কোন প্রাণীর কথা বলা হয়েছে?**

(ক) খচ্চর

(খ) গরু

(গ) গাধা

(ঘ) ঘোড়া

**৪৮। 'রহমত তার এলাকার সকল খবর রাখে- রহমতের সাথে 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির সাদৃশ্য রয়েছে?**

(ক) আবদুর রহমানের

(খ) মাজতবা আলীর

(গ) আমীর আলীর

(ঘ) কাবুলের মন্ত্রীর।

**৪৯। লেখক যেখানে থাকেন সেখান থেকে কাবুল কত মইলের রাস্তা?**

(ক) তিন মাইল

(খ) আড়াই মাইল

(গ) দুই মাইল

(ঘ) এক মাইল

**৫০। আবদুর রহমানের বোঝাটি কেমন ছিল?**

(ক) পর্বতের মতো উঁচু

(খ) পর্বতের মতো এবড়ো-থেবড়ো

(গ) পর্বতের মতো শক্ত

(ঘ) পর্বতের মতো উঁচু-নিচু

**৫১। লেখকের আবদুর রহমানকে কী নিয়ে আসতে দেখলেন?**

(ক) অনেক বস্তা

(খ) পর্বতপ্রমাণ বোঝা

(গ) বড় গাড়ি

(ঘ) খাবারের বস্তা,.দঙ

**৫২। আবদুর রহমানের বোঝাটা কিসের থলে ছিল?**

(ক) দড়ির
(খ) পলিথিনের
(গ) জালের
(ঘ) কাপড়ের

**৫৩। 'টাঙা' কী?**
(ক) চাঁদোয়া
(খ) মশারি
(গ) কাঠের বাড়ি
(ঘ) দুই চাকার গাড়ি

**৫৪। লেখক কাকে টাঙা হাঁকিয়ে বাড়ি ফিরতে দেখেন?**
(ক) রহমানকে
(খ) জিরারকে
(গ) মন্ত্রীকে
(ঘ) মাঝিকে

**৫৫। কাবুল শহরে নিশাচর হতে হলে কী প্রয়োজন?**
(ক) চাকর
(খ) অস্ত্র
(গ) গাড়ি
(ঘ) ইচ্ছা

**৫৬। কার তাগদ ও হাতিয়ার কিছুই নেই?**
(ক) জিরারের
(খ) আমীর আলীর
(গ) লেখকের
(ঘ) আবদুর রহমানের

**৫৭। গামলা ভর্তি কিসের মাংস ছিল?**
(ক) গরু
(খ) মুরগি
(গ) খাসি
(ঘ) দুম্বা

**৫৮। মাংসের গামলার মধ্যে লুকোচুরি খেলছিল কী?**
(ক) আলু
(খ) কিশমিশ
(গ) মসলা
(ঘ) পেঁয়াজ

**৫৯। কোফতা-পোলায়ের ওপর আস্ত কিসের রোস্ট?**
(ক) দুম্বার
(খ) খাসির
(গ) মুরগির
(ঘ) হরিণের

**৬০। "অল্প শোকে কাতর, অধিক শোকে পাথর"- এটি কী?**
(ক) প্রবাদ
(খ) প্রবচন
(গ) খনার বচন
(ঘ) ছড়াকথা

**৬১। ডাক্তারি কলেজের ছাত্রদের সঙ্গে কার সাদৃশ্য রয়েছে?**
(ক) আবদুর রহমানের
(খ) মালিকের
(গ) মন্ত্রীর
(ঘ) অধ্যক্ষের

**৬২। কোথাকার আঙুর আফগানিস্তানে মশহুর?**
(ক) কাবুলের
(খ) বাগেবালার
(গ) কাশ্মীরের
(ঘ) ভারতের

**৬৩। 'যথেষ্ট হয়েছে আবদুর রহমান-' এ বাক্যে কী প্রকাশ পেয়েছে?**
(ক) সন্তুষ্টি
(খ) ভালোবাসা
(গ) বিরক্তি
(ঘ) ভালো লাগা

**৬৪। কাবুলি সবুজ চায়ের রং কেমন?**
(ক) সবুজ
(খ) ফিকে হলুদ
(গ) গাঢ় সবুজ
(ঘ) হলুদ

**৬৫। কাবুলিরা কয় পেয়ালা চা পান করে?**
(ক) চার
(খ) পাঁচ
(গ) ছয়
(ঘ) সাত

**৬৬। কাবুলিরা কত নম্বর পেয়ালায় চায়ে চিনি খায়?**
(ক) প্রথম
(খ) তৃতীয়
(গ) চতুর্থ
(ঘ) পঞ্চম

**৬৭। কফির পাত্রের সাইজ কেমন?**
(ক) বড়
(খ) ছোট
(গ) মাঝারি
(ঘ) খুব বড়

**৬৮। কফির পেয়ালার সঙ্গে সাদৃশ্য রয়েছে কিসের?**
(ক) নুনদানির
(খ) মোমদানির
(গ) পানির মগের
(ঘ) চায়ের পেয়ালার

**৬৯। সবশেষে আবদুর রহমান কী হাতে ঘরে ঢোকে?**
(ক) ফালুদা

(খ) চায়ের পাত্র
(গ) বাদাম-আখরোট
(ঘ) পানি

৭০। **কাবুলের পানি কেমন?**
(ক) গরম
(খ) খোলা
(গ) মিষ্টির মতো
(ঘ) গলানো পাথরের মতো

৭১। **পানশির কোথায়?**
(ক) উত্তর-আফগানিস্তান
(খ) দক্ষিণ- আফগানিস্তান
(গ) পূর্ব- আফগানিস্তান
(ঘ) পশ্চিম- আফগানিস্তান

৭২। **আবদুর রহমানের দেশ আফগানিস্তানের কোথায়?**
(ক) পশ্চিমে
(খ) দক্ষিণে
(গ) উত্তরে
(ঘ) পূর্বে

৭৩। **পানশি মানুষ তো পায়ে হেঁটে চলে না, বাতাসের উপর ভর করে যেন উড়ে চলে যায়- বাক্যটি কেমন?**
(ক) ভাবপ্রধান
(খ) বাস্তবধর্মী
(গ) নিরীক্ষামূলক
(ঘ) কল্পকাহিনি

৭৪। **ছেঁড়া ছেঁড়া পেঁজা তুলোর মতো কী?**
(ক) পানি
(খ) বাতাস
(গ) বরফ
(ঘ) ফুল

৭৫। **কিসের ইঞ্জিনের সিটির শব্দ শোনা যায়?**
(ক) দুরুস সালামের
(খ) দারুল আমানের
(গ) দারুল মুলারের
(ঘ) দারুল আমনের

৭৬। **কাবুলের বাজারে কী পাওয়া যায়?**
(ক) বাদাম
(খ) সবজি
(গ) কালো চশমা
(ঘ) ফালুদার বরফ

৭৭। **পানশিরের হাওয়ার সঙ্গে সাদৃশ্য রয়েছে কিসের?**
(ক) ধারালো ছুরির
(খ) ঘোড়ার তেজের
(গ) ঠান্ডা বরফের
(ঘ) ময়লাহীন ফুলের

৭৮। **'ওরভোয়া' কী ভাষার শব্দ?**
(ক) আরবি
(খ) ফারসি
(গ) ফরাসি
(ঘ) উর্দু

৭৯। **'তাগদ' অর্থ কী?**
(ক) তাগাদা
(খ) শক্তি
(গ) দ্রুততা
(ঘ) পুনরায়

৮০।**'ব্রক্ষরন্ধ' কোথায়?**
(ক) তালুর সামনে
(খ) তালুর কেন্দ্রে
(গ) তালুর তলে
(ঘ) তালুর পেছনে

৮১। **'প্রবাস বন্ধু' কী ধরনের রচনা?**
(ক) উপন্যাস
(খ) কাব্যগ্রন্থ
(গ) ভ্রমণকাহিনি
(ঘ) প্রবন্ধ

৮২। **'প্রবাস বন্ধু' দেশে বিদেশে গ্রন্থের কোন অংশ?**
(ক) দ্বাদশ
(খ) পঞ্চদশ
(গ) একাদশ
(ঘ) ত্রয়োদশ

৮৩। **আফগানিস্তানের রাজধানী কোথায়?**
(ক) কাবুল
(খ) সাইবেরিয়া
(গ) দারুল
(ঘ) খাজামোল্লা

৮৪। **'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনিতে প্রকাশ ঘটেছে?**
(ক) লেখকের স্বদেশপ্রেম
(খ) লেখকের ধৈর্য
(গ) লেখকের আতিথেয়তা
(ঘ) লেখকের সরলতা

৮৫। **লেখক আবদুর রহমানকে কীভাবে গ্রহণ করেছেন?**
(ক) ভয়ের সঙ্গে
(খ) শ্রদ্ধার সঙ্গে
(গ) বাধ্য হয়ে
(ঘ) বিরক্ত হয়ে

৮৬। **জিরার সাহেবের ক্ষেত্রে যে বিষয়টি সত্য-**
(i) তিনি একজন শিক্ষক

(ii) তিনি একজন ফরাসি
(iii) তিনি ভীত মানুষ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii
(খ) ii ও iii
(গ) iiও iii
(ঘ) i, ii ও iii

**৮৭। ইনি 'হরফন-মৌলা'। এই কথা দ্বারা প্রকাশ পায়-**
(i) আবদুর রহমান কাজের লোক
(ii) আবদুর রহমান সব কাজ করবে
(iii) আবদুর রহমান সব কাজ পারবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii
(খ) i ও iii
(গ) iiও iii
(ঘ) i, ii ও iii

**৮৮। আবদুর রহমানকে নরদানব বলার কারণ-**
(i) সে উঁচু লম্বা
(ii) তার বিশাল শরীর
(iii) সে ভালো রাঁধে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii
(খ) i ও iii
(গ) iiও iii
(ঘ) i, ii ও iii

**৮৯। আবদুর রহমান কখনো লেখকের দিকে তাকায়নি-কারণ**
(i) গুরুজনের দিকে তাকানো অনুচিত
(ii) আবদুর রহমান সংস্কারপন্থী
(iii) লেখক আবদুর রহমানের গুরুজন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii
(খ) i ও iii
(গ) iiও iii
(ঘ) i, ii ও iii

**৯০। বিয়ের পর মিনি কখনো তার শ্বশুরের দিকে চোখ তুলে তাকায়নি মিনির সঙ্গে আবদুর রহমানের সাদৃশ্য রয়েছে-**
(i) সংস্কার পালন
(ii) লজ্জায়
(iii) গুরুজনকে মান্য করায়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii
**(খ) i ও iii**
(গ) iiও iii
(ঘ) i, ii ও iii

**৯১। 'ভরসা পেলুম, ভয়ও হলো'-লেখকের এ বাক্যে প্রকাশ পেয়েছে-**
(i) শঙ্কা
(ii) আশঙ্ক
(iii) শান্তি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii
(খ) i ও iii
(গ) iiও iii
(ঘ) i, ii ও iii

**৯২। আবদুর রহমান সম্পর্কে যা সত্য-**
(i) সকল কাজ বিনা দ্বিধায় করে
(ii) খুব রাগি
(iii) মনিবের প্রতি যত্নশীল
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii
(খ) i ও iii
(গ) iiও iii
(ঘ) i, ii ও iii

**৯৩। লেখকের নতুন থাকার জায়গার জন্য আবদুর রহমান ক্রয় করে আনে-**
(i) রান্নার হাঁড়িপাতিল
(ii) খাদ্যদ্রব্য
(iii) প্রয়োজনীয় সব কিছু
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii
(খ) i ও iii
(গ) iiও iii
(ঘ) i, ii ও iii

**৯৪। মতিন বাজার থেকে অনেক বাজার একা বয়ে আনে। অন্য কারও সাহায্য নেওয়ার প্রয়োজন তার মনেই হয় না।- মতিনের সঙ্গে আবদুর রহমানের মিল হলো-**
(i) উভয়ে পরিশ্রমী
(ii) উভয়েই সরল মনের
(iii) উভয়েরই বুদ্ধি একটু কম
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii
(খ) ii ও iii
(গ) i ও iii

(ঘ) i, ii ও iii

**৯৫। কাবুল শহরে নিশাচর হওয়ার জন্য তাগদ ও হাতিয়ার প্রয়োজন হয়। কারণ-**

(i) এখানকার লোকজন কথায় কথায় ঝগড়া বচসা করে

(ii) এখানে রাতে একা চলাফেরা নিরাপদ নয়

(iii) এখানে কোনো মানুষই ভালো না।

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii

(খ) ii ও iii

(গ) i ও iii

(ঘ) i, ii ও iii

**৯৬। খানা টেবিলের সামনে গিয়ে আবদুর রহমান মেসের চার্জে ছিল এ বিষয়ে লেখকের সন্দেহ দূর হলো কারণ-**

(i) টেবিলে অতিরিক্ত খাবার ছিল

(ii) টেবিলে অনেক মানুষের খাবার ছিল

(iii) সে অনেক কিছু রান্না করেছিল

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii

(খ) ii ও iii

(গ) i ও iii

(ঘ) i, ii ও iii

**৯৭। 'প্রবাস বন্ধু' ভ্রমণ কাহিনিতে প্রকাশিত শব্দ পাওয়া যায়-**

(i) রজনী, অলস, আমান

(ii) রজনী, পুনরপি, পেঁজা

(iii) বাগেবালা, সার্টেনলি, ফ্রান্স

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii

(খ) ii ও iii

(গ) i ও iii

(ঘ) i, ii ও iii

**৯৮। আবদুর রহমানের সঙ্গে ডাক্তারি কলেজের ছাত্রের সাদৃশ্য কোথায়?**

(i) একনিষ্ঠতা

(ii) কোতূহলী

(iii) তন্ময়তা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii

(খ) i ও iii

(গ) iiও iii

(ঘ) i, ii ও iii

**৯৯। 'ব্যস উৎকৃষ্ট রেঁধেছে আবদুর রহমান-এখানে প্রকাশ পেয়েছে-**

(i) রান্নার উৎকর্ষতা

(ii) পরিতৃপ্তি

(iii) প্রশংসা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii

(খ) ii ও iii

(গ) i ও iii

(ঘ) i, ii ও iii

**১০০। বাগেবালার আঙুর সম্পর্কে লেখক বলেছেন-**

(i) এ আঙুর মশহুর

(ii) এ আঙুর টক

(iii) বরফে ঢাকা থাকলেও তা হিম নয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii

(খ) ii ও iii

(গ) i ও iii

(ঘ) i, ii ও iii

**১০১। কাবুলের চা হলো-**

(i) সবুজ চা

(ii) পেয়ালায় ঢাললে সে চায়ের রং হলুদ হয়

(iii) কাবুলিরা ছোট পেয়ালায় তা পান করে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii

(খ) ii ও iii

(গ) i ও iii

(ঘ) i, ii ও iii

**১০২। আবদুর রহমানের বাড়ি সম্পর্কে বলা যায়-**

(i) পানশির উত্তর আফগানিস্তানে অবস্থিত

(ii) সে খানে আবহাওয়া খুব ভালো

(iii) শীতকালে সাত দিন পর্যন্ত বরফ পড়ে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii

(খ) ii ও iii

(গ) i ও iii

(ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১০৩ থেকে ১০৫ নং প্রশ্নগুলোর উত্তর দাও:

জিনিসপত্র নামাবার ফাঁকে লক্ষ করলুম যে ছ ফুটি পাঠনদের চেয়েও একমাথা উঁচু এক ভদ্রলোক আমার দিকে এগিয়ে আসছেন। তার নাম শেখ আহমদ আলী।

**১০৩। উদ্দীপকটি তোমার পঠিত কোন রচনার সঙ্গে সাদৃশ্যপূর্ণ**

(ক) প্রবাস বন্ধু

(খ) বন মানুষ

(গ) মমতাদি
(ঘ) মানুষ মুহম্মদ (স.)

**১০৪। উদ্দীপকটির শেখ আহমদ আলী তোমার পঠিত রচনার কার কথা মনে করিয়ে দেয়?**
(ক) অধ্যক্ষ জিরার
(খ) খাজামোল্লা
(গ) আবদুর রহমান
(ঘ) মন্ত্রী সাহেবের

**১০৫। উক্ত সাদৃশ্যের কারণ-**
(i) উভয়েই ছয় ফুটের বেশি উচ্চতার মানুষ
(ii) উভয়েই খেকের সেবায় নিয়োজিত
(iii) তারা উভয়েই বদরাগী
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii
(খ) ii ও iii
(গ) i ও iii
(ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১০৬ ও ১০৭ নং প্রশ্নের উত্তর দাও:
রফিক সাহেব আতিকের শিক্ষক। আতিক কখনো তার শিক্ষকের দিকে চোখ তুলে তাকায় না। যখনই তার ঘরে শিক্ষক ঢোকে সে মাথা নিচু করে রাখে।

**১০৬। উদ্দীপকের আতিকের সঙ্গে 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির কার সাদৃশ্য রয়েছে?**
(ক) খাজামোল্লা
(খ) জিরার
(গ) আবদুর রহমানের
(ঘ) আমানের

**১০৭। সাদৃশ্যের কারণ-**
(i) সংস্কার
(ii) গুরুজনদের দেখে সম্মান করা
(iii) গুরুজনদের দিকে তাকাতে নেই একথায় বিশ্বাস করা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii
(খ) ii ও iii
(গ) i ও iii
(ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১০৮ ও ১০৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:
বাড়িতে মেহমান আসার কথা থাকায় রহিমা বেগম তার কাজের মেয়ে মনিকে দুজনের খাবার রান্না করে। সন্ধ্যায় মেহমান নিয়ে রহিমা বেগম খাবার টেবিলে বসলে সে খাবার পরিবেশন করে।

**১০৮। উদ্দীপকের মনির সঙ্গে কার সাদৃশ্য রয়েছে?**
(ক) জিরার
(খ) আবদুর রহমানের
(গ) আমানের
(ঘ) মন্ত্রী মহাশয়ের

**১০৯। এরূপ সাদৃশ্যের কারণ-**
(i) তারা উভয়ই কাজের লোক
(ii) তারা উভয়ই পাকা রাঁধুনি
(iii) তারা উভয়ই মনিবের প্রতি নিষ্ঠাবান নয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii
(খ) ii ও iii
(গ) i ও iii
(ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১১০ ও ১১১ নম্বর প্রশ্নের উত্তর দাও:
কোথা হা হন্ত, চিরবসন্ত!
আমি বসন্তে মরি
বন্ধু যে যত স্বপ্নের মতো
বাসা ছেড়ে দিল ভঙ্গ
বাসা ছেড়ে দিল ভঙ্গ
নিশিদিন ধরে দাঁড়ায়ে
শিয়রে মোর পুরাতন ভৃত্য

**১১০। 'প্রবাস বন্ধু' রচনায় উদ্দীপকের ভৃত্যের প্রতিরূপ কে?**
(ক) আমান
(খ) জিরার
(গ) আবদুর রহমান
(ঘ) মনির রহমান

**১১১। আবদুর রহমান ও পুরাতন ভৃত্য-**
(i) অসৎ
(ii) নিষ্ঠাবান
(iii) দায়িত্বশীল
নিচের কোনটি সঠিক?
(ক) i
(খ) i ও ii
(গ) iiও iii
(ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১১২ ও ১১৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:
আদিব তার বন্ধু তালহাকে বলে নাটোরে অনেক গরম পড়ে।মাঠঘাট ফেটে চৌচির হয়ে হয়ে যায় রোদে। গরমে মানুষ ঘর থেকে বের হতে পারে না। বেশিরভাগ সময় মানুষ ঘরের ভেতরে থাকে।

**১১২। উদ্দীপকের নাটোরের সঙ্গে 'প্রবাস বন্ধু' রচনার বর্ণিত কোন স্থানের বিপরীত চিত্র প্রকাশ করে?**

(ক) ফ্রান্স
(খ) ইংল্যান্ড
(গ) কাবুল
(ঘ) পানশির

**১১৩। উক্ত স্থানের সঙ্গে বৈসাদৃশ্যের কারণ-**

(i) আবহাওয়ার বৈপরীত্য
(ii) অতিরিক্ত অলসতা
(iii) অধিক গরম
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii
(খ) ii ও iii
(গ) i ও iii
(ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১১৪ ও ১১৫ নং প্রশ্নের উত্তর দাও:
দৃপ্তি এইচ.এস.সি পরীক্ষা শেষ করে বন্ধুদের সঙ্গে ভারত ভ্রমণে যায়। তারা ভারতের বিভিন্ন জায়গা যেমন কলকাতা, দিল্লি ও আসাম ভ্রমণ করে। দৃপ্তির সবচেয়ে ভালো লাগে কলকাতা। কলকাতায় গিয়ে সে বাংলায় কথা বলতে পারে। বাংলাদেশি অনেক খাবারও সেখানে পাওয়া যায়। এ ভ্রমণে তার বিচিত্র অবিজ্ঞতা অর্জন হয়।

**১১৪। উদ্দীপকটি তোমার পঠিত কোন রচনার কথা মনে করিয়ে দেয়?**

(ক) বই পড়া
(খ) প্রবাস বন্ধু
(গ) আম আঁটির ভেঁপু
(ঘ) আমার পরিচয়

**১১৫। উদ্দীপক ও আলোচ্য রচনা সম্পর্কে যা সত্য-**

(i) ভ্রমণকাহিনি
(ii) বিচিত্র অভিজ্ঞতার প্রকাশ ঘটায়
(iii) নতুন জায়গার বর্ণনা রয়েছে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii
(খ) ii ও iii
(গ) i ও iii
(ঘ) i, ii ও iii

# সৃজনশীল প্রশ্নের উত্তর

০১। এমন স্নিগ্ধ নদী কাহার, কোথায় এমন ধূম্র-পাহাড়
কোথায় এমন হরিৎক্ষেত্র আকাশতলে মেশে।
এমন ধানের ওপর ঢেউ খেলে যায় বাতাস কাহার দেশে।
এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি
সকল দেশের রানি সে-যে আমার জন্মভূমি।

(ক) অধ্যক্ষ জিরার কোন দেশের অধিবাসী ছিলেন?
(খ) 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনিতে আবদুর রহমানকে 'নরদানব' বলা হয়েছে কেন?
(গ) উদ্দীপকে 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির আবদুর রহমানের চেতনার যে দিকটিকে ধারণ করে তা ব্যাখ্যা কর।
(ঘ) বিষয় বর্ণনায় সাদৃশ্য থাকলেও উদ্দীপক ও 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির মধ্যে রয়েছে বিস্তর বৈপরীত্য'— তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

**➲ ১নং প্রশ্নের উত্তর ➲**

(ক) অধ্যক্ষ জিরার ফ্রান্সের অধিবাসী ছিলেন।
(খ) 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনিতে আবদুর রহমানকে 'নরদানব' বলা হয়েছে তার শারীরিক গঠনের জন্য। আবদুর রহমানের উচ্চতা ছয় ফুট চার ইঞ্চি। দুই হাত হাঁটু পর্যন্ত নেমে এসেছে। তার পায়ে সাইজ ডিঙি নৌকার মতো। কাঁধ এত চওড়া যে লেখকের মনে হয় সে বাদশা আবদুর রহমান হলে গোটা আফগানিস্তানের ভার বইতে পারত। এ কান ও কান জোড়া মুখ। এবড়ো-থেবড়ো নাক-কপাল নেই। তার এমন শারীরিক গঠনের জন্য লেখকের মনে হয় সে মানুষ নয়, কোনো বিশালদেহী ভয়ংকর জন্তু। এ কারণেই তাকে 'নরদানব' বলা হয়।
(গ) উদ্দীপকটি 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির আবদুর রহমানের স্বদেশ চেতনার দিক ধারণ করে। স্বদেশের প্রতি ভালোবাসা প্রত্যেকের মধ্যেই বিরাজ করে। প্রত্যেক মানুষের কাছেই তার স্বদেশ সব থেকে সেরা। যে দেশে তার জন্ম, বেড়ে ওঠা সে জায়গাকে তার কাছে পৃথিবীর সেরা মনে হয়। জন্মভূমির প্রতি এ ভালোবাসা মানুষের সহজাত প্রবৃত্তি। উদ্দীপকের কবি তাঁর স্বদেশের বর্ণনা দিয়েছেন। নদী, পাহাড়, ধানের উপর ঢেউ খেলানো বাতাস প্রভৃতি বর্ণনা করে তাঁর দেশটিকেই শ্রেষ্ঠ বলে বর্ণনা দিয়েছে। লেখক শীতকালটা তার দেশে কাটাবে শুনে আবদুর রহমান খুশি হয়েছে। তাই বলা যায়, উদ্দীপকে 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির স্বদেশচেতনার দিকটি প্রকাশ পেয়েছে।

(ঘ) উদ্দীপক এবং 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির মধ্যে প্রেক্ষাপটগত বৈপরীত্য দেখা যায়। প্রকৃতি মানুষের সবচেয়ে ভালো বন্ধু। মানুষ প্রকৃতির মাঝে খুঁজে নেয় নিজেকে। প্রকৃতির সঙ্গে মিশে থাকে মানুষের সত্তা। তাই প্রকৃতির পরিচয় থেকেও নির্দিষ্ট কোনো জাতির পরিচয় পাওয়াটা অস্বাভাবিক ককিছু নয়। উদ্দীপকে বাংলাদেশের স্নিগ্ধ প্রকৃতির সন্ধান মেলে। প্রকৃতি তার বৈচিত্র্যে কীভাবে স্বতন্ত্র তার প্রকাশ ঘটেছে এখানে। প্রকৃতির অপার মহিমা ও সৌন্দর্য ফুটে উঠেছে উদ্দীপকের চরণগুলোতে। অপরদিকে 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনিতে শুধু প্রকৃতির সৌন্দর্যের পরিচয়ই আমরা পাই না, বরং আফগানিস্তানের সংস্কার, তাদের পোশাক, জীবনপ্রণালি সবকিছুর পরিচয় পাই। লেখক যেন পুরো আফগানিস্তানের দৃশ্য তাঁর বর্ণনার মধ্যে চিত্রায়িত করেছেন। উদ্দীপকে শুধু প্রাকৃতিক সৌন্দর্যের বর্ণনা পাওয়া গেলেও আলোচ্য রচনায় আমরা নির্দিষ্ট দেশ ও জাতি সম্পর্কে আরও অনেক তথ্য পাই। এই তথ্যগুলো আমাদেরকে কাহিনিটি পাঠ করে ভালোভাবে বুঝতে সহযোগিতা করে। তাই আমরা বলতে পারি, বিষয় বর্ণনার সাদৃশ্য দেখা গেলেও প্রেক্ষাপটের দিক থেকে উদ্দীপক এবং 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির মধ্যে রয়েছে বিস্তর বৈপরীত।

০২। মতি মিয়ার পুরো শরীর ঘামে চকচক করছে। তবুও সে সামনের হাঁড়ি থেকে গরুর গোশত খেয়েই চলেছে। তাকে কেউ থামতে বলছে না। একটি পুরো গরুর গোশত তাকে খেতে হবে। নামকরা খাদক সে। বিয়েবাড়িতে বরপক্ষ তাকে নিয়ে যায় কন্যাপক্ষকে অপদস্থ করতে। সে খেতে খেতে ক্লান্ত। তার বামপাশে একটু দূরে তার ক্ষুধার্ত তিনটি সন্তান একটু খাবারের আশায় লালায়িত। কিন্তু মতি মিয়া এক টুকরো মাংসও দিতে পারবে না। কারণ এতে খেলার নিয়ম ভঙ্গ হবে।

(ক) পানশির আফগানিস্তানের কোন দিকে অবস্থিত?

(খ) "তোমার বপুটার সঙ্গে আমার তনুটা মিলিয়ে দেখো দিকিনি" বলতে লেখক কী বুঝিয়েছেন?

(গ) 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির আবদুর রহমান এবং উদ্দীপকের শিশুদের আচরণে কী বৈসাদৃশ্য দেখা যায়? বুঝিয়ে লেখ?

(ঘ) "উভয়েরই চিন্তা খাবারসংক্রান্ত, তবুও তাদের ভাবনায় আকাশ-পাতাল পার্থক্য।"– মন্তব্যটি বিশ্লেষণ কর।

### ➲ ২নং প্রশ্নের উত্তর ➲

(ক) পানশির আফগানিস্তানের উত্তর দিকে অবস্থিত।

(খ) "তোমার বপুটার সঙ্গে আমার তনুটা মিলিয়ে দেখো দিকিনি"বলতে লেখক আবদুর রহমানের বিশাল শরীর ও সেই অনুযায়ী খাবারের চাহিদার সঙ্গে নিজের তুলনা করেছেন। আবদুর রহমান প্রথমবার লেখকের জন্য প্রচুর রান্না করে। লেখক তার পরিমাণ দেখে অবাক হলেও উচ্চবাচ্য করেননি। বাঙালিদের তুলনায় তিনি সেদিন একটু বেশিই খেয়েছিলেন। তবুও আবদুর রহমানের দুঃখ রয়ে গিয়েছিল। তারই কথার পরিপ্রেক্ষিতে লেখক বলেন, আবদুর রহমান বিশাল শরীরের অধিকারী। তার খাবারের চাহিদাও তেমনই হবে। কিন্তু সাধারণ বাঙালি লেখক সেই তুলনায় অতি ক্ষুদ্র। তাই আবদুর রহমানের অভিযোগের বিপরীতে লেখক উভয়ের মধ্যে তুলনা করে নিজের অবস্থান স্পষ্ট করেন।

(গ) 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির আবদুর রহমান চেয়েছিল তার মালিক যেন আরও বেশি খাবার খান– যা উদ্দীপকের শিশুদের ভাবনার সঙ্গে সাদৃশ্যপূর্ণ নয়। মানুষ বেঁচে থাকার প্রয়োজনে খায়। এর মাঝেও কেউ কেউ অতিরিক্ত খায়, নষ্ট করে। আবার অভাবের তাড়নায় অনেকে ন্যূনতম খাবারটুকুও পায় না। 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির আবদুর রহমান চেয়েছিল লেখক যেন বেশি করে খান। এতে তার রান্নার উৎকৃষ্টতা প্রমাণিত হবে। লেখক যখন খাচ্ছিলেন তখন সামনে দাঁড়িয়ে আবদুর রহমান লক্ষ রাখছিল। কারণ সে জানত লেখক তার জীবিকাদাতা। তাই লেখককে নিজের সুস্বাদু রান্না খাইয়ে সে নিজের অবস্থান পোক্ত করতে চায়। অপরদিকে উদ্দীপকে অতিরিক্ত খাওয়ায় ক্লান্ত মতি মিয়ার সন্তান তিনটি আশা করেছে তাদের বাবা আর গোশত খাবে না, বরং তাদের দিকে এগিয়ে দেবে। সেই খাবার খেয়ে তারা ক্ষুধা নিবৃত্ত করতে চেয়েছিল। তাই তারা মনে মনে আশা করছিল, তাদের বাবা যেন আর খেতে না পারে। তাই বলা যায়, আবদুর রহমানের চাওয়া ও উদ্দীপকের শিশুদের ভাবনা সাদৃশ্যপূর্ণ নয়।

(ঘ) "উভয়েরই চিন্তা খাবারসংক্রান্ত, তবুও তাদের ভাবনায় আকাশ-পাতাল পার্থক্য খাবার।"– মন্তব্যটি যথাযথ। মানুষ বেঁচে থাকার জন্য খাবার খায়। অনেকে প্রয়োজনের চেয়ে অতিরিক্ত খাবার খায়। অনেকে আবার বেশি পরিমাণে খেতে পারায় অভ্যস্ত, যা মানুষের শারীরিক অবস্থার জন্য ক্ষতিকারক। 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির আবদুর রহমানকে তুষ্ট করতে পারেননি। সামনে দাঁড়িয়ে আবদুর রহমান আশা করছিল লেখক আরও বেশি খাবেন। অপরদিকে উদ্দীপকের মতি মিয়ার সন্তানরা ক্ষুধার্ত। দতাদের সামনে বসে বাজি ধরে মতি মিয়া একটি পুরো ডগরুর এগাশত খেয়ে চলেছে। খেতে খেতে সে থেমে গেছে, খাওয়ার গতি কমেছে। সামনে বসা তার সন্তানরা ভাবছে, বাবা হয়তো ডএখনই বাজিতে হেরে যাবে, আর খেতে পারবে না। ফলে ঐ খাবারটুকু খেয়ে তারা ক্ষুধা নিবৃত্ত করবে। খাবার সামনে রেখে আবদুর রহমান আশা করছিল লেখক বেশি করে খাবেন আর এতে সে তৃপ্ত হবে। অন্যদিকে মতি মিয়ার সন্তানরা ভাবছিল যদি তাদের বাবা খেতে না পারে তবেই তাদের ক্ষুধা মিটবে। তারাও সামান্য কিছু পেয়ে তৃপ্তি লাভ করবে। পারিপার্শ্বিক অবস্থা বিবেচনায় আলোচ্য মন্তব্যটি 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনি ও উদ্দীপকের পরিপ্রেক্ষিতে যথাযথ।

০৩। মানুষ যে কেবল নিজেকেই জানিতে চায় তাহাই নহে, বাহিরের জগতের আহ্বান প্রতিনিয়তই তাহাকে টানিতেছে। এই আহ্বানে প্রলুব্ধ হইয়া অনেক লোক দেশভ্রমণে বহির্গত হয়। নানাজাতি, নানাদেশ, তাহাদের ঐতিহ্য ও সংস্কৃতি বিভিন্ন জনের নিকট বিভিন্ন রূপে ধরা দেয়। বাহিরের এই বস্তুসত্তাকে লেখক মানসরসে প্রত্যক্ষ করিয়া তথ্যসম্বলিত গ্রন্থ প্রকাশ করেন। এই জাতীয় গন্থে বস্তুসত্তার প্রাধান্য থাকিলেও উহার মধ্যে ব্যক্তিগত দৃষ্টিভঙ্গি থাকিতে পারে।

(ক) 'বারকোশ' কী?

(খ) "অল্প শোকে কাতর, অধিক শোকে পাথর"– মন্তব্যটি লেখক কেন করেছিলেন?

(গ) উদ্দীপকের কোন বৈশিষ্ট্যটি 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির সঙ্গে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর।

(ঘ) "উদ্দীপকে 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির সমগ্র ভাব প্রকাশিত হয়নি।" মন্তব্যটি বিশ্লেষণ কর।

### ➲ ৩নং প্রশ্নের উত্তর ➲

(ক) 'বারকোশ' হলো কাঠের তৈরি কানা উঁচু বড় থালা।

(খ) প্রয়োজনের অধিক খাবার পরিবেশনের পরও আরও আছে– আবদুর রহমানের আশ্বাসের কারণে লেখক মন্তব্যটি করেছিলেন। লেখক খেতে বসে কখাবারের প্রাচুর্য দেখে অবাক হন। প্রচুর মাংস, বিশালাকার কাবাব, বড় থালায় কোফতা পোলাও, আস্ত মুরগির রোস্ট দেখে লেখক থ হয়ে যান। লেখককে চুপ করে থাকতে দেখে আবদুর রহমান বলে, আরও খাবার আছে। লেখকের এটার জন্য যা খাবার সামনে ছিল, তা-ই অনেক বেশি। কিন্তু আবদুর রহমানের আশ্বাসে লেখক সম্পূর্ণ খাবারের পরিমাণ চিন্তা করে বাকরুদ্ধ হয়ে পড়েন। তার নিজের অবস্থা বোঝাতে ব্যঞ্জনার্থে লেখক মন্তব্যটি করেছিলেন।

(গ) উদ্দীপকে বর্ণিত ভ্রমণের আংশিক অর্থাৎ প্রাকৃতিক সৌন্দর্যের মাধ্যমে আনন্দ আহরণের দিকটি 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনিতে ফুটে উঠেছে। কৌতূহলী মানুষ বিভিন্ন কারণে ভ্রমণ করে। ভ্রমণে নানা দেশ, জাতি, সংস্কার, মনোরম দৃশ্য অবলোকন করে মানুষ আনন্দ পায়। এই আনন্দ মানুষভেদে ভিন্ন হয়ে থাকে। উদ্দীপকে অদেখাকে দেখা আর অজানাকে জানার কৌতূহলেই মানুষ ঘর ছাড়ে। ভ্রমণের আহ্বানে আকৃষ্ট হয়ে মানুষ ঘুরে বেড়ায়। নানা জাতি, ঐতিহ্য, প্রকৃতি ইত্যাদি দেখে। দেশ-দেশান্তরে ভ্রমণ করেই মানুষ তার সৌন্দর্যপিপাসা নিবৃত্ত করে। 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনিতে লেখকও আফগানিস্তানের কিছু সৌন্দর্য অবলোকন করেছেন। আফগানের বরফ-ঢাকা পাহাড়, লব-ই-দরিয়া ইত্যাদি তার অন্তর্ভুক্ত। শুনেছেন আবদুর রহমানের দেশ পানশিরের বর্ণনা। আফগানিস্তানের সৌন্দর্য লেখককে মুগ্ধ করেছিল। তাই বলা যায়, উদ্দীপকে ভ্রমণের মাধ্যমে আনন্দ আহরণের বৈশিষ্ট্যটি 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনিতে উপস্থিত।

(ঘ) "উদ্দীপকে 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির সমগ্র যভাব প্রকাশিত হয়নি"– মন্তব্যটি যথার্থ। অজানাকে জানা, অদেখাকে দেখার জন্য যমানুষ কঘর ছেড়ে ভ্রমণের উদ্দেশ্যে রওয়না হয়। অনেককে আবার জীবিকার তাগিদে ঘুরে বেড়াতে হয়, যার মাঝে ভ্রমণ সংযুক্ত। উদ্দীপকে দেশ ভ্রমণের বৈশিষ্ট্য সংক্ষেপে বর্ণিত হয়েছে। বাইরের জগতের আহ্বান প্রতিনিয়ত মানুষকে আকর্ষণ করে। মানুষের পথিক স্বভাব। চলাতেই তার আনন্দ। প্রকৃতির সৌন্দর্যেই সে পিপাসা নিবৃত্ত করে। 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনিতেও লেখকের সামান্য ভ্রমণ এবং আফগানিস্তানের প্রাকৃতিক সৌন্দর্যের বর্ণনা রয়েছে। বরফ-ঢাকা পাহাড়, নদী অথবা পানশিরের বর্ণনায় সে সৌন্দর্য প্রকাশিত। উদ্দীপকে ভ্রমণবিষয়ক যে বৈশিষ্ট্যটি ফুটে উঠেছে, তার বাইরেও 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনিতে আরও কিছু বিষয়ে আলোকপাত করা হয়েছে। আফগানিস্তানের মানুষের আকার-আকৃতি, খাদ্যাভ্যাস, লেখকের চাকরি, আফগানবাসীর আতিথেয়তা, সংস্কার ইত্যাদি রচনায় আলোচিত হয়েছে, যা উদ্দীপকে অনুপস্থিত। উদ্দীপকে শুধু ভ্রমণ সম্পর্কে কিছু ধারণা বর্ণিত হয়েছে, যাতে 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির সমগ্র ভাব প্রকাশ পায় না। এ কারণেই প্রশ্নোক্ত মন্তব্যটি যথার্থ।

০৪। কাশ্মীরের ডাল লেক পুরোটাই পাহাড়ঘেরা। যেসব পাহাড়ে কেবলই ফুলের গাছ। এমনকি গাছের পাতা পর্যন্ত রঙিন। বসন্তে যখন গাছে গাছে ফুল ফোটে, তখন সত্যি সত্যিই জায়গাটাকে অপার্থিব মনে হতে থাকে। মোগল বাদশারা তা দেখেই কাশ্মীরের নাম দিয়েছিলেন ভূস্বর্গ; বানিয়েছিলেন গোটা সাম্রাজ্যের গ্রীষ্মকালীন রাজধানী। শ্রীনগর পর্যটকদের জন্য বিচরণ কেন্দ্র। এর বাইরে দেখার মতো আরও অনেক কিছু আছে। যেমন– মোগলদের বানানো ফুলের বাগান, পরিমহল। এখান থেকে পুরো শ্রীনগর দেখা যায়।

(ক) কাবুলে লেখকের নতুন বাসস্থান কোন গ্রামে?

(খ) 'জিরার সাহেব কাজের লোক' বলতে কী বোঝানো হয়েছে?

(গ) 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির কোন দিকটি উদ্দীপকে উদ্ভাসিত? ব্যাখ্যা কর।

(ঘ) "উক্ত বিষয়টি মানুষকে হাতছানি দিয়ে ডাকে"– মন্তব্যটি 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির আলোকে মূল্যায়ন কর।

### ➲ ৪নং প্রশ্নের উত্তর ➲

(ক) কাবুলে লেখকের নতুন বাসস্থান খাজামোল্লা গ্রামে।

(খ) 'জিরার সাহেবকে কাজের লোক' বলতে মূলত অকর্মণ্যই বোঝানো হয়েছে। অধ্যক্ষ জিরার জাতিতে ফরাসি। ফরাসিরা জাতি হিসেবে শৌখিন। এরা রান্নাবান্না, গল্প করে দিন কাটাতে পছন্দ করে। জিরার সাহেবও তার ব্যতিক্রম নন। তিনি সারাদিন আফগানিস্তানের বিভিন্ন মন্ত্রীর দপ্তরে ঘুরে বেড়িয়ে, ঝগড়া করে তথা আড্ডা দিয়ে বেড়ান। কাবুল শহরে একেই কাজ বলে। তাই অধ্যক্ষ জিরারের এই বিশেষ ধরনের কাজের জন্য তাকে কাজের লোক বলে আখ্যায়িত করেছেন লেখক।

(গ) 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির প্রাকৃতিক সৌন্দর্যের বর্ণনার দিকটি উদ্দীপকে উদ্ভাসিত হয়েছে। প্রকৃতি স্রষ্টার এক অপূর্ব সৃষ্টি। প্রকৃতি তার আপন রূপ-রস-গন্ধ নিয়ে অনন্তযৌবনা, চিরন্তন, চির নতুন। এই সৌন্দর্যই প্রকৃতিকে অন্যান্য সৃষ্টির চেয়ে আলাদা স্থান দিয়েছে। 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনি সাহিত্যের অন্তর্গত। এ রচনায় লেখক আফগানিস্তানের প্রকৃতির রূপ ফুটিয়ে তুলেছেন। তাঁর সৃষ্ট চিত্রকল্পে আমরা চোখের সামনে বরফাবৃত পাহাড়ি একটি দেশ দেখতে পাই। এই সৌন্দর্য লেখককে মুগ্ধ করেছে। আবদুর রহমানের দেওয়া পানশিরের বর্ণনা এতে আরও নতুন মাত্রা যোগ করেছে। উদ্দীপকে ভূস্বর্গ নামে পরিচিত কাশ্মীরের চমৎকার বর্ণনা দেওয়া হয়েছে। এখানকার নৈসর্গিক সৌন্দর্য মানুষকে হাতছানি দিয়ে ডাকে। তাই কাশ্মীর পরিণত হয়েছে পর্যটকদের বিচরণক্ষেত্রে। মূলত 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির প্রাকৃতিক সৌন্দর্যের দিকটি উদ্দীপকে প্রকাশ পেয়েছে।

(ঘ) "উক্ত বিষয়টি মানুষকে হাতছানি দিকে ডাকে"— মন্তব্যটি 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির ক্ষেত্রে তাৎপর্যমণ্ডিত। প্রকৃতির সঙ্গে মানুষের সম্পর্ক নিবিড়। মানুষ আদিমকাল থেকে প্রকৃতিতেই নিজের মনের শান্তি খুঁজে ফিরেছে। প্রকৃতি নানা উপাদান দিয়ে মানুষকে মমতার আলিঙ্গনে বেঁধে নিয়েছে। 'প্রবাস বন্ধুয' ভ্রমণকাহিনিতে আমরা দেখতে পাই লেখককে প্রকৃতিবোধে তৃপ্ত হতে। বাঙালি লেখকের দৃষ্টিতে পাহাড়ি বরফের দেশ আফগানিস্তানের সৌন্দর্য অন্য ধরনের। সেই সঙ্গে আবদুর রহমান বর্ণিত পানশিরের সৌন্দর্যের বর্ণনা অনন্য মাত্রা সৃষ্টি করেছে। এ এসৌন্দর্যের হাতছানিতে মানুষ দিনের পর দিন মুগ্ধ হয়ে থাকতে পারে। উদ্দীপকে দেখা যায়, পৃথিবীর ভূস্বর্গখ্যাত কাশ্মীরের চিত্র। সেখানে মানুষ আসে অতৃপ্ত মনকে তৃপ্ত করতে। প্রকৃতির যে সৌন্দর্য কাশ্মীরে দেখা যায়, তা মানুষকে বারবার ডাকে। এ ডাকেই মানুষ ফিরে ফিরে যায়। প্রকৃতির সৌন্দর্য মানুষকে হাতছানি দিয়ে ডাকে। যে ডাক 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনিতে লেখক আবদুর রহমান অথবা উদ্দীপকের পর্যটক মোগল বাদশাকে আকর্ষণ করেছে। তাই "উক্ত বৈশিষ্ট্যটি মানুষকে হাতছানি দিয়ে ডাকে"— মন্তব্যটি 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির আলোকে যথার্থ।

০৫। একটি সাধারণ সমীক্ষায় দেখা গেছে, বাংলাদেশে গড়ে প্রায় ৬০ শতাংশ লোক গৃহকর্মী বা চাকরের ওপর নির্ভরশীল। এদের বয়সভেদে শিশু হতে বৃদ্ধ পর্যন্ত রয়েছে। ব্যস্ততম জীবনে নগরবাসীর অন্যতম প্রয়োজন গৃহকর্মী। এদের মাঝে স্বল্পসংখ্যক স্থায়ীভাবে কাজ করে। এরা মূলত গৃহকর্তার বাসায় প্রায় সকল কাজই করে থাকে। আবার বেশিরভাগই অস্থায়ী ভিত্তিতেও কাজ করে। তবে কিশোর হতে যুবা বয়সীরা অনেকেই চাকরিদাতার কাছে মানসিক এবং শারীরিকভাবে নিপীড়িত হয়, যার হার প্রায় ৫২ শতাংশ। এই হারে উদ্বিগ্ন মানবাধিকার সংস্থাগুলো। মানবাধিকার রক্ষায় এদের আরও বেশি সামাজিক নিশ্চয়তা প্রদান করা উচিত বলে বোদ্ধাগণ মনে করেন।

(ক) অধ্যক্ষ জিরার কোন জাতিভুক্ত?

(খ) লেখকের মতে আবদুর রহমানের চেহারা কেন আফগান রিলিফ ম্যাপসদৃশ?

(গ) 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির আবদুর রহমান ও উদ্দীপকের গৃহকর্মীর মাঝে কী সাদৃশ্য বিদ্যমান? ব্যাখ্যা কর।

(ঘ) "চাকরিদাতা হিসেবে 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির লেখক ও উদ্দীপকের নিয়োগদাতা ভিন্ন মানসিকতাসম্পন্ন"— মন্তব্যটি বিশ্লেষণ কর।

### ➲ ৫নং প্রশ্নের উত্তর ☪

(ক) অধ্যক্ষ জিরার জাতে ফরাসি।

(খ) লেখকের মতে, আফগানিস্তানের অতি শীতল আবহাওয়াই আবদুর রহমানের রিলিফ ম্যাপসদৃশ চেহারার জন্য দায়ী। আবদুর রহমানের মুখের চামড়া চিরে ফেড়ে গেছে শীতে-গ্রীষ্মে। রিলিফ দেওয়ার ম্যাপে বিভিন্ন চিহ্নিত স্থান যেমন উঁচু-নিচু দেখায়, আবহাওয়ার কারণে আবদুর রহমানের চেহারাও তেমন অবস্থা ধারণ করেছে। আবদুর রহমান সাধারণ এক আফগান। তার দৃষ্টিতে এই চেহারাই সঠিক। কিন্তু বাঙালি লেখকের অভ্যস্ত দৃষ্টিসীমার বাইরে তার চেহারার বর্ণনা কিছুটা কৌতুকের সঙ্গে বর্ণিত হয়েছে।

(গ) জীবিকার তাগিদে নিয়োগকর্তার সমূহ কাজ সম্পন্ন করে দেওয়ার দিক থেকে 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির আবদুর রহমান ও উদ্দীপকের গৃহকর্মীর মধ্যে সাদৃশ্য বিদ্যমান। মানুষ বেঁচে থাকার প্রয়োজনে বিভিন্ন জীবিকা অবলম্বন করে। আদিম সময় থেকেই মানুষ তার চেয়ে সম্পন্ন ব্যক্তির কাজ করে দিয়ে নিজ নিজ জীবিকার সংস্থান করে। এই দিক থেকে প্রায় প্রত্যেক মানুষই কর্মী। 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনিতে আবদুর রহমান লেখকের জন্য সকল কাজের কাজি। সে লেখকের জন্য রান্না থেকে আরম্ভ করে হাট-বাজার, পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার সব কাজ করে। লেখকের কাজ করেই সে তার জীবিকা নির্বাহ করে। উদ্দীপকের গৃহকর্মীরাও নিজ নিজ নিয়োগদাতার জন্য কাজ করে থাকে। ব্যস্ত নগরজীবনে মানুষ অনেকাংশেই গৃহকর্মীর ওপর নির্ভরশীল। তারা সবাই নিজের অথবা পরিবারের চাহিদা পূরণ করার জন্য এই জীবিকা বেছে নিয়েছে। এই জীবিকার দিক থেকেই 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনিতে আবদুর রহমান ও উদ্দীপকের গৃহকর্মীর মধ্যে সাদৃশ্য দেখা যায়।

(ঘ) "চাকরিদাতা হিসেবে 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির লেখক ও উদ্দীপকের নিয়োগদাতা ভিন্ন মানসিকতাসম্পন্ন"– মন্তব্যটি যথার্থ। মানুষ জীবিকার জন্য একে অপরের ওপর নির্ভরশীল। মানুষভেদে নিয়োগদাতা ভিন্ন চারিত্রিক স্বভাবের হয়। কেউ কেউ কর্মীর প্রতি সহানুভূতিশীল হলেও বেশিরভাগই কঠোর মানসিকতা পোষণ করে। 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনিতে আবদুর রহমান বলেখকের গৃহকর্মী। তার বিভিন্ন ধরনের কাজে লেখক অবাক, হতবাক এবং বিরক্ত হলেও তার প্রতি কঠোর কোনো ব্যবহার করেননি, বরং বেশিরভাগ সময়ে কৌতুকের সঙ্গে মন্তব্য ছুড়ে দিয়েছেন। অপরদিকে উদ্দীপকে দেখা যায়, গৃহকর্মীদের মাঝে শতকরা ৫২ জন তার নিয়োগদাতার হাতে নিপীড়িত হয়। এই নিপীড়ন শারীরিক ও মানসিক উভয় ধরনের হয়, যা মানবাধিকার হরণ করে। 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনিতে লেখক আবদুর রহমানের প্রতি সহানুভূতিশীল, যেখানে উদ্দীপকের ৫২ শতাংশ নিয়োগদাতা অত্যাচার করে গৃহকর্মীকে। তাই বলা যায়, চাকরিদাতা হিসেবে 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির লেখক ভিন্ন মানসিকতাসম্পন্ন। সুতরাং মন্তব্যটি যথাযথ।